

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব সালমা আক্তার কাকন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।


সভার তারিখ : ২৫/০৩/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব তারাকান্দা উপজেলায় স্বাস্থ্য উন্নয়ন কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত আলোচনায় সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>ক. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার, জানান যে, বর্তমানে হাসপাতালে ১০ জন ডাক্তারের মধ্যে ৭ জন ডাক্তার কর্মরত ও ৩ জন ডাক্তার ডেপুটেশনে রয়েছে। তাছাড়া হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য সুইপারের স্বল্পতা রয়েছে এবং উপ-স্বাস্থ্য কেন্দ্রে ১ জন মেডিকেল এসিস্ট্যান্ট প্রদায়ন করা হয়েছে। তিনি হাসপাতালের অভ্যন্তরে অবৈধ গাড়ি পার্কিংকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন।</p> <p>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে হাজার হাজার চিকিৎসক ও নার্স নিয়োগ দিয়েছেন এবং তাদের উচিত কর্মস্থলে উপস্থিত থেকে দরিদ্র জনগণকে চিকিৎসা সেবা নিশ্চিত করা, পাশাপাশি তারাকান্দা হাসপাতালে সার্বক্ষণিক যাতে গাইনী ডাক্তার থাকে যা নিশ্চিত করা এ বিষয়ে তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান।</p> <p>গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা জানান যে, হাসপাতালের আগত সেবা প্রার্থীদের যাতে কোন চিকিৎসা নেয়ার ক্ষেত্রে কোন অসুবিধা না হয় সে ক্ষেত্রে ডাক্তারগণ যাতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত না থাকতে পারে এ বিষয়টি লক্ষ রাখার জন্য অনুরোধ জানান এবং ডাক্তারগণ যাতে কর্মস্থলে উপস্থিত থেকে হাসপাতালে আগত রোগীদের সেবা করতে পারে এ জন্য ডাক্তারদের নামে বাসা বরাদ্দ প্রদানের জন্য তিনি অনুরোধ জানান এবং হাসপাতালের অভ্যন্তরে গাড়ি পার্কিং রোধ করার জন্য একটি সাইনবোর্ড লাগানোর জন্য নির্দেশ প্রদান করেন এবং কমিউনিটি ক্লিনিকগুলো নিয়মিত চালু রেখে এবং কমিউনিটি ক্লিনিক গুলোতে পরিদর্শন বাড়ানোর জন্য তিনি অনুরোধ করেন।</p> <p>উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা জানান যে, জলাতঙ্ক রোগ নির্মূলের লক্ষ্যে কুকুরের টিকাদানের সময় কুকুরের গায়ে যে লাল রং দেয়া হচ্ছে তা দীর্ঘস্থায়ী নয় এবং কুকুরের গায়ে পানি পড়লে তা মুছে যাচ্ছে। এ বিষয়ে দীর্ঘস্থায়ী বেস্ট ব্যবহার করার জন্য তিনি অনুরোধ জানান।</p>	<p>১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ কর্মরত চিকিৎসকগণকে কর্মস্থলে উপস্থিত থেকে জনগণকে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করতে হবে।</p> <p>২. মোবাইল ফোনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>৩. মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্য সংশ্লিষ্ট সকলের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করতে হবে।</p> <p>৪. কমিউনিটি ক্লিনিকের হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) গণ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো চালু রেখে সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৫. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগ নিয়মিত চালু রেখে ডাক্তারের উপস্থিতিতে স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(সালমা আক্তার কাকন)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাকান্দা।

স্মারক নং- উপ.স্ব.ক/তারাকান্দা/স্থায়ী কমিটি /তারাকান্দা/২০২২-

তারিখঃ ২৫/০৩/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ৩। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৬। উপজেলা অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।


উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা
তারাকান্দা, ময়মনসিংহ।